**দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর এর ২০১৯-২০ অর্থ বছরে এডিপিভুক্ত উন্নয়ন প্রকল্পসমূহের চলমান কার্যক্রমের ফেব্রুয়ারি, ২০২০ মাসের বাস্তবায়ন অগ্রগতি সংক্রান্ত মাসিক পর্যালোচনা সভার কার্যবিবরণীঃ**

| | |
|---|---|
| সভাপতি | : মোঃ মোহসীন<br>মহাপরিচালক<br>দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, ঢাকা। |
| তারিখ | : ০৫ মার্চ, ২০২০ খ্রিঃ। |
| সময় | : সকাল ০৯:০০টা। |
| স্থান | : দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তরের সম্মেলন কক্ষ। |

উপস্থিত সদস্যদের তালিকা: পরিশিষ্ট 'ক'।

উপস্থিত সকলকে শুভেচ্ছা জানিয়ে সভাপতি সভার কাজ শুরু করেন। অতঃপর বিগত সভার কার্যবিবরণী পাঠ করা হয় এবং কোন সংশোধনী না থাকায় তা দৃঢ়করণ করা হয়।

**০২। অতঃপর এডিপিভুক্ত/এডিপি বহির্ভূত উন্নয়ন প্রকল্পসমূহের অগ্রগতির বিষয়ে নিম্নরূপ আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়ঃ**

| প্রকল্পের নাম ও বিবরণ | আলোচনা | সিদ্ধান্ত |
|---|---|---|
| ১। উপকূলীয় ও ঘূর্ণিঝড় প্রবণ এলাকায় বহুমুখী ঘূর্ণিঝড় আশ্রয়কেন্দ্র নির্মাণ প্রকল্প (২য় পর্যায়)<br>**মেয়াদঃ ০১ জুলাই ২০১৬ হতে ৩০ জুন ২০২০**<br><br>**মোটবরাদ্দ: ৫৫৬০৬.৩১১ লক্ষ টাকা**<br>**জনাব মোঃ আব্দুস সালাম সরকার**<br>(যুগ্ম-সচিব)<br>**প্রকল্প পরিচালক**<br>মোবাঃ ০১৭১৪৯৯২৫৩৫<br>pdmcs2@ddm.gov.bd | প্রকল্প পরিচালক সভাকে অবহিত করেন যে,<br>১। ২২০টি বহুমূখী ঘূর্ণিঝড় আশ্রয়কেন্দ্রের মধ্যে ইতোমধ্যে গত ১৩ অক্টোবর "আন্তর্জাতিক দুর্যোগ প্রশমন দিবস-২০১৯" উপলক্ষ্যে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা ১০০টি বহুমুখী ঘূর্ণিঝড় আশ্রয়কেন্দ্র ডিজিটাল পদ্ধতিতে শুভ উদ্ধোধন করেছেন। অবশিষ্ট ১২০টি প্রকল্পের অগ্রগতি:<br>গ্রেট বীম ঢালাই সম্পন্ন হয়েছে ০২টি, ১ম তলার ছাদ ঢালাই হয়েছে ০৫টি, ২য় তলার ছাদ ঢালাই হয়েছে ০২টি এবং ৩য় তলার ছাদ ঢালাই সম্পন্ন হয়েছে ১১১টি। বর্তমানে ০১ তলার নীচে ২টি ঘূণিঝড় আশ্রয়কেন্দ্র রয়েছে।<br>২। ২২০টি বহুমূখী ঘূর্ণিঝড় আশ্রয়কেন্দ্রের মধ্যে ১৮৫টি সংযোগ সড়ক নির্মাণের প্রয়োজন হওয়ায় ২৫টি প্যাকেজে ১৮৫টি বহুমূখী ঘূর্ণিঝড় আশ্রয়কেন্দ্রের সংযোগ সড়ক নির্মাণ কাজ চলমান রয়েছে।<br>৩। ২২০টি বহুমুখী ঘূর্ণিঝড় আশ্রয়কেন্দ্রের মধ্যে ১০টি প্যাকেজে সোলার সিস্টেম প্যানেল স্থাপনের কাজ চলমান রয়েছে।<br>৪। ২২০টি বহুমূখী ঘূর্ণিঝড় আশ্রয়কেন্দ্রের মধ্যে ১৮৬টিতে ডিপ-টিউবওয়েল স্থাপনের সুযোগ থাকায় ০৮টি প্যাকেজে ১৮৬টি ডিপ-টিউবওয়েল স্থাপনের নির্মাণ কাজ চলমান রয়েছে।<br>৫। ২২০টি বহুমূখী ঘূর্ণিঝড় আশ্রয়কেন্দ্রের মধ্যে ২৬টি প্যাকেজে ১২০টিতে গবাদি পশুর আশ্রয়কেন্দ্র নির্মাণ কাজ চলমান রয়েছে।<br>৬। চলতি ২০১৯-২০২০ অর্থ বছরে বরাদ্দ ২১০০০.০০ লক্ষ টাকা; ফেব্রুয়ারি ২০২০ পর্যন্ত ব্যয় ৯৬৬৪.৮৫ লক্ষ টাকা; অগ্রগতি ৪৬.০২%;<br>৭।ক্রমপুঞ্জিত ভৌত অগ্রগতি ৮৬%, আর্থিক অগ্রগতি ৮৪.৫৬%।<br>৮।মুজিবর্ষে উদ্বোধনের জন্য ৭০টি আশ্রয়কেন্দ্র প্রস্তুত আছে; আরো ৩০টি কেন্দ্র প্রস্তুত করা হবে।<br>৯। পরিচালক (পরিকল্পনা ও উন্নয়ন) কুমিল্লা সদর দক্ষিণ উপজেলায় নির্মিত আশ্রয়কেন্দ্রের দরজাসহ অন্যান্য অংশের ত্রুটির বিষয়ে এবং পরিচালক (মূল্যায়ন ও পরিবীক্ষণ) লক্ষীপুর জেলায় নির্মিত আশ্রয়কেন্দ্রের কিছু ত্রুটির বিষয়ে প্রকল্প পরিচালকের দৃষ্টি আকর্ষণ করেন। প্রকল্প পরিচালক এইসকল ত্রুটি নিরসনের বিষয়ে ব্যবস্থা নেওয়া হচ্ছে বলে সভাকে আশ্বস্থ করেন। | ১। মুজিববর্ষকে সামনে রেখে নির্ধারিত লক্ষ্য অনুযায়ী ১০০ (একশত) টি আশ্রয়কেন্দ্রের উদ্বোধনের বিষয়টি নিশ্চিত করতে হবে।<br>২। লক্ষীপুর, কুমিল্লা সদর দক্ষিণসহ অন্যান্য যে সকল প্রকল্পে নির্মাণকাজে ত্রুটির অভিয়োগ পাওয়া গিয়েছে সেসব প্রকল্পের ত্রুটিসমূহ নিরসনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>৩। প্রকল্পের নির্মাণকাজ সরেজমিনে মণিটরিং এর ক্ষেত্রে সংশ্লিষ্ট উপজেলার উপ-সহকারি প্রকৌশলীদের সক্রিয় ভূমিকা রাখতে হবে।<br>৪। দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়ে যোগাযোগ রক্ষা করে প্রকল্পে প্রয়োজনীয় লোকবল নিয়োগের ব্যবস্থা গ্রহণ করতে হবে। |

| প্রকল্পের নাম ও বিবরণ | আলোচনা | সিদ্ধান্ত |
|---|---|---|
| | | |
| ২। Strengthening of the Ministry of Disaster Management & Relief (SoMDMRPA) Program Administration<br>**মেয়াদঃ ০১ জুলাই ২০১৩ হতে ৩০ জুন ২০২১ পর্যন্ত।**<br>**মোটবরাদ্দ: ২৫৮০০.০০ লক্ষ টাকা**<br><br>**জনাব সত্যেন্দ্র কুমার সরকার**<br>(অতিরিক্ত সচিব)<br>**প্রকল্প পরিচালক**<br>মোবাঃ ০১৮১৯-১৬৪৫৭৮<br>pdsnsp15@gmail.com | প্রকল্প পরিচালক সভাকে অবহিত করেন যে,<br>১। দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়ের ২০/০২/২০২০ তারিখের ৫১.০০.০০০০.২৪৩.১৪.২৯৯.১৫-৪৫ নং স্মারকে প্রকল্পের মোটর সাইকেল ক্রয়ের জন্য পুন:দরপত্র আহবান পূর্বক দ্রুত সংগ্রহ/ক্রয়ের ব্যবস্থা গ্রহনের জন্য নির্দেশ প্রদান করা হয়েছে।<br>২। চলতি ২০১৯-২০২০ অর্থ বছরে বরাদ্দ ৩৬৪০.০০ লক্ষ টাকা; ফেব্রুয়ারি ২০২০ পর্যন্ত ব্যয় ৯৬২.০৯ লক্ষ টাকা; অগ্রগতি ২৬.৪৩%।<br>৩। ক্রমপুঞ্জিত ভৌত অগ্রগতি ৮২%, আর্থিক অগ্রগতি ৬০.৪৫%।<br>৪। প্রকল্পে কিছু চ্যালেঞ্জ রয়েছে; যেমন-<br>(ক) পরামর্শক প্রতিষ্ঠানকে BBS MIS System এ Remote Access না দেয়ায় আর্মেনিয়ায় অবস্থান ও NHD MIS প্রস্তুতকরণ যথাসময়ে সম্পন্ন হয় নাই; এ বিষয়ে সিদ্ধান্ত গ্রহণার্থে মন্ত্রণালয়ের সচিব পর্যায়ে একটি বৈঠক আয়োজনের চেষ্টা চলছে। তিনি এ বিষয়ে সভাপতির সহযোগিতা কামনা করেন। | ১। HRPMIS Software এর তথ্য সংগ্রহের কাজ জুন মাসের মধ্যে সম্পন্ন করতে হবে।<br>২। প্রকল্পের আওতাধীন বিভিন্ন প্রশিক্ষণের বিষয়ে অধিদপ্তরের পরিচালকদের অবহিত করতে হবে। |
| **৩। আরবান রেজিলিয়েন্স প্রকল্পঃ ডিডিএম অংশ**<br>**মেয়াদঃ ০১ জুলাই, ২০১৫ হতে ৩০ জুন, ২০২০ পর্যন্ত।**<br>**মোটবরাদ্দ: ১২৫৫০.০০ লক্ষ টাকা**<br>**জনাব মোঃ আব্দুল মান্নান**<br>(উপ-সচিব), **প্রকল্প পরিচালক**<br>মোবাইল :০১৯২৩৬৩৭৮৩৯,<br>ddm.urp.pdo@gmail.com | প্রকল্প পরিচালকের পক্ষে উপ-প্রকল্প পরিচালক সভাকে অবহিত করেন যে,<br>১) প্রকল্পের সার্বিক অগ্রগতি বৃদ্ধির প্রচেষ্টা চলমান। এই অর্থ বছরের মধ্যে NDMRTI এর কাজ শেষ হয়ে যাবে।<br>২) প্রকল্পের কাজের গুনগত মান বৃদ্ধির জন্য মনিটরিং জোরদার করা হয়েছে।<br>৩) ইআরসিসিতে সহকারী পরিচালক নিয়োগের জন্য মন্ত্রণালয়ের সাথে যোগাযোগ রক্ষা করা হচ্ছে।<br>৪। চলতি ২০১৯-২০২০ অর্থ বছরে বরাদ্দ ৫০০০.০০ লক্ষ টাকা; ফেব্রুয়ারি ২০২০ পর্যন্ত ব্যয় ১৮৫৭.৩৬ লক্ষ টাকা; অগ্রগতি ৩৭.১৫%।<br>৫। ক্রমপুঞ্জিত ভৌত অগ্রগতি ৬০%, আর্থিক অগ্রগতি ৪৫.৪৮%।<br>(৬) প্রকল্প পরিচালক টিইডি ট্রেইনিং কার্যক্রম এর আনুষ্ঠানিক উদ্বোধনের একটি তারিখ নির্ধারণের জন্য সভাপতিকে অনুরোধ জানান।<br>(৭) সভাপতি বলেন, এ প্রকল্পের অনেক প্রশিক্ষণ এখনো বাকি রয়ে গেছে। এমতাবস্থায় প্রকল্প পরিচালককে প্রকল্পের সার্বিক অগ্রগতির বিষয়ে আরো যত্নবান হতে হবে। | ১। প্রকল্পের সার্বিক অগ্রগতির বিষয়ে আরো যত্নবান হতে হবে।<br>২। প্রকল্পের কাজের গুণগতমান বৃদ্ধির জন্য মনিটরিং জোরদার করতে হবে।<br>৩। ইআরসিসিতে সহকারী পরিচালক নিয়োগসহ যে সকল বিষয়ে মন্ত্রণালয়ের অনুমোদন প্রয়োজন সেসব বিষয়ে মন্ত্রণালয়ের সাথে ঘনিষ্ঠ যোগাযোগ রেখে মন্ত্রণালয়ের অনুমোদন নিতে হবে। |
| ৪। বন্যাপ্রবণ ও নদী ভাঙ্গন এলাকায় বন্যা আশ্রয়কেন্দ্র নির্মাণ (৩য় পর্যায়)<br>মোট বরাদ্দ: ১৫০৭৪৩.০০ লক্ষ টাকা<br>মেয়াদ জানুয়ারি, ২০১৮ হতে জুন, ২০২২ পর্যন্ত<br>**মোঃ ইউসুফ আলী**<br>**অতিরিক্ত সচিব**<br>**প্রকল্প পরিচালক**<br>মোবাঃ ০১৫৫৬৩০৯৬০৬<br>ali_yousuf_86@yahoo.com | প্রকল্প পরিচালক সভাকে অবহিত করেন যে,<br>১। ১৮টি মোটরসাইকেল সরাসরী পদ্ধতিতে ক্রয়ের জন্য এটলাস বাংলাদেশ লি: কে সরবরাহ আদেশ প্রদান করা হয়েছে ।<br>২। E-GP তে ১১০টি বন্যা আশ্রয়কেন্দ্রের কার্যাদেশ প্রদান করা হয়েছে ।<br>নির্মাণ কাজ চলমান ১১০ টি<br>১ম তলার ছাদ ঢালাই ২০ টি<br>২য় তলার ছাদ ঢালাই ১০ টি<br>৩য় তলার ছাদ ঢালাই ০৩টি<br>পাইলিং কাজ চলমান ১১ টি<br>গ্রেটবীম ঢালাই ৪০ টি<br>ফাউন্ডেশনের কাজ চলমান ১৬ টি<br>৩। ৩য় ধাপে ১৮৭ টি বন্যা আশ্রয়কেন্দ্রের দরপত্র আহবানকৃত দরপত্রের মূল্যায়ন কাজ চলমান ।<br>৪। প্রতিটি প্রকল্পে সাইনবোর্ড স্থাপন করা হচ্ছে।<br>৫। আউটসোর্সিং পদ্ধতিতে ১৯ জন উপ-সহকারী প্রকৌশলী | ১। মুজিববর্ষকে সামনে রেখে প্রকল্পের কাজের অগ্রগতি বৃদ্ধি করতে হবে।<br>২। মটরসাইকেল ক্রয় প্রক্রিয়া সম্পন্ন করতে হবে।<br>৩। দরপত্র প্রক্রিয়া সম্পাদনে সময় কমাতে হবে।<br>৪। প্রকল্পের ডিজাইন সকল পরিচালককে দিতে হবে যেন তাঁরা প্রকল্প পরিদর্শনের সময় প্রকল্পের কাজ ডিজাইনের আলোকে যাচাই করতে পারেন। |

| প্রকল্পের নাম ও বিবরণ | আলোচনা | সিদ্ধান্ত |
|---|---|---|
| | প্রক্রিয়াধীন আছে।<br>৬। চলতি ২০১৯-২০২০ অর্থ বছরে বরাদ্দ ১১০০০.০০ লক্ষ টাকা; ফেব্রুয়ারি ২০২০ পর্যন্ত ব্যয় ২৪৪২.১৮ লক্ষ টাকা; অগ্রগতি ২২.২০%।<br>৭। ক্রমপুঞ্জিত অগ্রগতি ভৌত ১০%,আর্থিক অগ্রগতি ১.৯৭%।<br>৮। প্রকল্প পরিচালক আশা প্রকাশ করেন যে, জুন ২০২০ এর মধ্যে বরাদ্দকৃত সকল টাকা খরচ করা যাবে। তিনি বলেন, আগামী অর্থ বছরে প্রয়োজনীয় ১৫০৭০০ লক্ষ টাকা না পেলে প্রকল্প বাস্তাবয়নে সমস্যা হবে। | |
| ৫। Disaster Risk Management Enhancement Project (Funded by JICA)<br>**মেয়াদঃ** জুলাই, ২০১৬হতে জুন ২০২১ পর্যন্ত<br>মোট বরাদ্দ: ৬২০২২.০০ লক্ষ টাকা<br>**জনাব সুব্রত পাল চৌধুরী**<br>(যুগ্ম-সচিব)**প্রকল্প পরিচালক**<br>মোবাইল : ০১৭১৫-১৩৭৭১১<br>subrata.5766@yahoo.com | প্রকল্প পরিচালক সভাকে অবহিত করেন যে,<br>১। গত ২৬/০২/২০২০ তারিখে অনুষ্ঠিত ক্রয় সংক্রান্ত মন্ত্রিসভা কমিটির সভায় বৈদেশিক পরামর্শক প্রতিষ্ঠান নিয়োগের বিষয়টি অনুমোদিত হয়।<br>২। কম্পোনেন্ট-২ এর আওতায় স্পেফিকেশন ও প্রাক্কলণ তৈরী পরামর্শ প্রতিষ্ঠান নিয়োগের পর।<br>৩। কম্পোনেন্ট-২ এর আওতায় যন্ত্রপাতি ক্রয়ের জন্য দরপত্র আহবান, দরপত্র গ্রহণ, মূল্যায়ন ও কার্যাদেশ প্রদান, পরামর্শ প্রতিষ্ঠান নিয়োগের পর।<br>৪। প্রচার ও বিজ্ঞাপন খাত: ক্রয় সম্পন্ন হয়েছে।<br>**৫। স্টেশনারী আইটেম ক্রয়** :- সম্পন্ন হয়েছে।<br>**৬। স্থানীয় অন্যান্য ক্রয়** :- চলমান রয়েছে।<br>**৭। প্রিন্টিং এন্ড বাইন্ডিং ক্রয় :-** চলমান রয়েছে।<br>**৮। স্ট্যাম্প এন্ড সিল ক্রয়:-** চলমান রয়েছে।<br>**৯। অন্যান্য যন্ত্রাংশ (স্পেয়ার পার্টস) ক্রয়:-** চলমান রয়েছে।<br>**১০। কম্পিউটার এন্ড এক্সেসরিজ ক্রয়:-** চলমান রয়েছে।<br>**১১। অফিস ইকুইপমেন্ট:-** চলমান রয়েছে।<br>**১২। আসবাবপত্র ক্রয়:-** অফিস রুম বরাদ্দের পর যাচাই প্রক্রিয়া শুরু হবে।<br>১৩। প্রকল্প পরিচালক সভাকে অবহিত করেন যে, মাননীয় প্রধানমন্ত্রীর অনুমোদনের পর পরামর্শকের সাথে চুক্তি সই হবে এবং জুলাই মাসে আন্তর্জাতিক দরপত্র আহ্বান করা যাবে।<br>১৩। চলতি ২০১৯-২০২০ অর্থ বছরে বরাদ্দ ১৩০৮৮.০০ লক্ষ টাকা; ফেব্রুয়ারি ২০২০ পর্যন্ত ব্যয় ৪৬.৬০ লক্ষ টাকা; অগ্রগতি ০.৩৬%;<br>৬। ভৌত অগ্রগতি ১৬.৫%; আর্থিক অগ্রগতি ১.৫২% | ১। মন্ত্রণালযের সাথে নিবিড় যোগাযোগ রেখে প্রকল্প পরিচালক দ্রুত বৈদেশিক পরামর্শক নিয়োগের ব্যবস্থা করবেন।<br>২। জুন ২০২০ এর মধ্যে বর্তমান অর্থবছরের সকল বরাদ্দ ব্যয় নিশ্চিত করতে হবে। |

| প্রকল্পের নাম ও বিবরণ | আলোচনা | সিদ্ধান্ত |
| --- | --- | --- |
| ৬। জেলা ত্রাণ গুদাম কাম দুর্যোগ ব্যবস্থাপনা তথ্য কেন্দ্র নির্মাণ প্রকল্প।<br>মেয়াদ জানুয়ারি ১৮ হতে ডিসেম্বর ২০২০<br>মোট বরাদ্দ: ১২৭৪১.০০ লক্ষ টাকা<br>প্রকল্প পরিচালক: **জনাব মোঃ শওকত আকবর**<br>যুগ্ম-সচিব<br>মোবাঃ ০১৭১২৮১০৬৭৯<br>pddrg@gmail.gov.bd | প্রকল্প পরিচালক প্রকল্পের আওতায় নির্মাণাধীন জেলা ত্রাণ গুদাম কাম দুর্যোগ ব্যবস্থাপনা তথ্য কেন্দ্রের ডিজাইনের উপর একটি পাওয়ার পয়েন্ট উপস্থাপনা করেন। এছাড়া তিনি সভাকে অবহিত করেন যে,<br>১। প্রকল্পের কাজের অগ্রগতি বৃদ্ধি করা হচ্ছে।<br>২। অবশিষ্ট ০৫ টি জেলার মধ্যে সাতক্ষীরা, চট্টগ্রাম, নারায়নগঞ্জ, কক্সবাজার জেলার ইজিপিতে দরপত্র আহবান করা হয়েছে। নরসিংদী জেলার জমির প্রস্তাব পাওয়া যায়নি।<br>৩। তিনি প্রকল্পের কিছু সমস্যার বিষয়ে সভাপতির দৃষ্টি আকর্ষণ করেন:- ক) Outsourcing এর মাধ্যমে নিয়োগকৃত কর্মচারীদের বেতন ০৫ মাস যাবত হিসাবরক্ষণ অফিসে আটকে রয়েছে;<br>খ) সুনামগঞ্জ, জামালপুর, রাজবাড়ী এবং ঢাকা জেলায় কাজের প্রকল্পের কাজে কিছু সমস্যা রয়েছে বিধায় এসব জেলার জেলা প্রশাসকদের সাথে আলোচনার জন্য তিনি সভাপতিকে অনুরোধ করেন।<br>৪। চলতি ২০১৯-২০২০ অর্থ বছরে বরাদ্দ ১২০০০.০০ লক্ষ টাকা; ফেব্রুয়ারি ২০২০ পর্যন্ত ব্যয় ১৭৯৯.৫৩ লক্ষ টাকা; অগ্রগতি ১৫%<br>৫। ক্রমপুঞ্জিত অগ্রগতি: ভৌত ৩৫%, আর্থিক ১৭.৮৫%।<br>৬। পরিচালক (পরিকল্পনা ও উন্নয়ন) বলেন, বগুড়া জেলা ত্রাণ গুদাম নির্মাণ প্রকল্পে ৩ ফুট ওপরে বীম করা হয়েছে; সেন্টারিং এ স্টীলের পরিবর্তে কাঠ ব্যবহার করা হয়েছে। নির্মাণকাজে ব্যবহারিত বালির কোয়ালিটি ভালো নয়। পাথর এল সি নয়।<br>৭। সভাপতি বিষয়গুলো পরীক্ষা করে দেখার জন্য প্রকল্প পরিচালককে অনুরোধ করেন। | ১। প্রকল্পের ডিজাইন সকল পরিচালকদের দিতে হবে যেন তাঁরা পরিদর্শনের সময় সঠিকভাবে যাচাই করতে পারেন।<br>২। প্রকল্পের কাজের গুনগতমান নিশ্চিত করার জন্য প্রকল্পের প্রকৌশলীদের মাঠ পর্যায়ে পরিদর্শন বৃদ্ধি করতে হবে। |
| ৭।National Resilience Programme (Department of Disaster Management Part)<br>মেয়াদ ১ জানুয়ারি, ২০১৮ হতে ৩১ মার্চ, ২০২১ পর্যন্ত<br>মোট বরাদ্দ : ৩০১৮.১৩ লক্ষ টাকা<br>জনাব আবুল খায়ের মোঃ মারুফ হাসান<br>উপসচিব, প্রকল্প পরিচালক<br>মোবাঃ ০১৯১৪১৫৩১১৭<br>dsreliefadmin@modmr.gov.bd | প্রকল্প পরিচালক অনুপস্থিত থাকায় তাঁর পক্ষে প্রকল্পের প্রকল্প ব্যবস্থাপক সভাকে অবহিত করেন যে,<br>১) পিপিআর অনুসারে প্রকল্পের বেজলাইন জরীপ ক্রয় প্যাকেজটির বর্ধিত ব্যয় অনুমোদিত হবার পরবর্তী কার্যক্রম চলমান আছে।<br>২) প্রকল্পের মধ্যবর্তীকালীন মূল্যায়ন (Mid Term Review) আন্তর্জাতিক পরামর্শক এবং কমিউনিকেশন বিষয়ক স্থানীয় পরামর্শক নিয়োগ প্রক্রিয়াধীন আছে।<br>৩) দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়ের পরামর্শ অনুযায়ী মাঠ পর্যায়ে SOD ২০১৯-এর বিতরন কার্যক্রম চলছে।<br>এছাড়াও SOD ২০১৯ এর ইংরেজি অনুবাদের কাজ চলমান আছে।<br><u>অন্যান্য উল্লেখযোগ্য কার্যক্রম:</u><br>১) রংপুর সিটি কর্পোরেশন, টাঙ্গাইল, রাঙামাটি ও সুনামগঞ্জ পৌরসভায় দ্বিতীয় পর্যায়ের (১০টি ব্যাচে) ৪০০ জন নগর স্বেচ্ছাসেবককে সন্ধান ও উদ্ধার এবং প্রাথমিক চিকিৎসা বিষয়ে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। এ পর্যন্ত মোট ১০৪০ জন নগর স্বেচ্ছাসেবককে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। প্রকল্প মেয়াদে সর্বমোট ১৮০০ জন নগর স্বেচ্ছাসেবকে প্রশিক্ষণ প্রদান করা হবে। উল্লেখ্য যে, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স এই প্রশিক্ষণ পরিচালনা করছে।<br>২) Earthquake Preparedness Programme-এর আওতায় সিটি কর্পোরেশন/পৌরসভা' র ওয়ার্ড পর্যায়ের কন্টিনজেন্সি প্ল্যান তৈরি কাজ চলছে। এ লক্ষ্যে প্রয়োজনীয় মাঠ পর্যায়ের জরিপ কাজ চলমান আছে। মার্চ মাসের মধ্যে টাঙ্গাইল ও রংপুরের দু'টি | ১। প্রকল্পের সকল পরামর্শক নিয়োগের প্রক্রিয়া যথারীতি সম্পন্ন করতঃ সবাইকে অবহিত করতে হবে।<br>২। পিপিআর অনুযায়ী সকল কার্যক্রম দ্রুত সম্পন্ন করতে হবে।<br>৩। চূড়ান্তকৃত SOD এর পর্যাপ্ত কপি প্রিন্ট করতে হবে যেন সংশ্লিষ্ট সকলে কপি পেতে পারেন।<br>৪। ইউনিয়ন DMC, উপজেলা DMC, জেলা DMC এবং জেলা সদরের লাইব্রেরীর জন্য SODর কপি দেয়া যেতে পারে। জেলা, উপজেলা ও ইউনিয়ন পর্যায়ে যথাক্রমে ১৪, ২০ ও ১১ কপি হিসেবে দেয়া যেতে পারে।<br>৫। SOD এর ইংরেজি কপি ছাপার কাজটি দ্রুত সম্পন্ন করতে হবে। |

| প্রকল্পের নাম ও বিবরণ | আলোচনা | সিদ্ধান্ত |
|---|---|---|
| | একটি ওয়ার্ডে এসওডি ২০১৯'র আলোকে দুর্যোগ ব্যবস্থাপনা কমিটি গঠন করা হয়েছে।<br>৩) কুড়িগ্রাম জেলায় ফ্লাড প্রিপেয়ার্ডনেস প্রোগ্রাম (FPP), প্রতিবন্ধিতা অন্তর্ভুক্তিমূলক দুর্যোগ ঝুঁকি হ্রাস (DiDRR) এবং দুর্যোগ ঝুঁকিহ্রাসে সামাজিক নিরাপত্তা বেষ্টনী কর্মসূচির পাইলটিং কার্যক্রমের অবহিতকরণ কর্মশালা অনুষ্ঠিত হয়েছে।<br>৪) অবকাঠামো ও অ-অবকাঠামোগত ভূমিকম্প বিপর্যয় ব্যবস্থাপনায় বাংলাদেশের প্রস্তুতির ঘাটতি নিরূপণপূর্বক ভবিষ্যত করণীয় বিষয়ে নির্ধারণের জন্য একজন আন্তর্জাতিক ভূমিকম্প বিশেষজ্ঞ কাজ করছেন। প্রারম্ভিক পর্যালোচনা শেষে ইতোমধ্যে তিনি ইনসেপশন রিপোর্ট জমা দিয়েছেন।<br>৫) ফ্লাড প্রিপায়ার্ডনেস প্রোগ্রাম(FPP), প্রতিবন্ধিতা অন্তর্ভুক্তিমূলক দুর্যোগঝুঁকি হ্রাস (DiDRR) এবং দুর্যোগ ঝুঁকিহ্রাসে সামাজিক নিরাপত্তা বেষ্টনী কর্মসূচির পাইলটিংকার্যক্রম বাস্তবায়নে সমন্বয়মূলক কর্মশালা অনুষ্ঠিত হয়েছে।<br>৬। চলতি ২০১৯-২০২০ অর্থ বছরে বরাদ্দ ৮১৭.৬৮ লক্ষ টাকা; ফেব্রুয়ারি ২০২০ পর্যন্ত ব্যয় ৭৫৭.১৮ লক্ষ টাকা; অগ্রগতি ৯২.৬%;<br>৭। ক্রমপুঞ্জিত অগ্রগতি: ভৌত ৪০%, আর্থিক ৩৪%। | |
| ৮। মুজিব কিল্লা নির্মাণ, সংস্কার ও উন্নয়ন প্রকল্প<br>মেয়াদ ০১ জুলাই, ২০১৮ হতে ৩১ ডিসেম্বর, ২০২১পর্যন্ত।<br>মোট বরাদ্দ ১৯৫৭৪৯.০০ লক্ষ টাকা<br>জনাব সুব্রত পাল চৌধুরী<br>(যুগ্ম-সচিব)<br>প্রকল্প পরিচালক (অতিরিক্ত দায়িত্ব)<br>মোবাইল : ০১৭১৫-১৩৭৭১১<br>subrata.5766@yahoo.com | প্রকল্প পরিচালক সভাকে অবহিত করেন যে,<br>১। বুয়েটের সাথে গত ০২/১২/২০১৯খ্রি. তারিখে MOU স্বাক্ষর সম্পন্ন হয়েছে। পরামর্শক প্রতিষ্ঠান বুয়েট কর্তৃক ইতোমধ্যে অনুমোদিত ডিডিপিএর ডিজাইন আংশিক পরিবর্তন করে প্রকল্প অফিসে দাখিল করার পর গত ০৯/০১/২০২০ তারিখে পিআইসি সভায় উপস্থাপন করা হয়েছে। বুয়েট কর্তৃক দাখিলকৃত ড্রইং ও ডিজাইন ৩০/০১/২০২০ তারিখের পিপিইসি সভায় অনুমোদন হয়েছে।<br>২। মুজিববর্ষকে গুরুত্ব দিয়ে প্রকল্পের কার্যক্রম পরিচালনা করা হচ্ছে। মুজিব বর্ষে ২০০টি মুজিব কিল্লা উদ্বোধনের লক্ষ্য রয়েছে। ১১টি প্রকল্পে দরপত্র আহ্বান প্রক্রিয়া শুরু হচ্ছে। তিনি আগামী ২০২১ সালে প্রকল্পের মেয়াদের মধ্যে সকল টাকা বরাদ্দের বিষয়ে সভাপতির সহযোগিতা কামনা করেন।<br>৩। আউটসোর্সিং পদ্ধতিতে জনবল নিয়োগের জন্য আউটসোর্সিং ফার্ম নিয়োগের দরপত্র মূল্যায়ন কার্যক্রম শেষ পর্যায়ে রয়েছে।<br>৪। চলতি ২০১৯-২০২০ অর্থ বছরে বরাদ্দ ৫০০০.০০ লক্ষ টাকা; ফেব্রুয়ারি ২০২০ পর্যন্ত ব্যয় ২৭.৬৬ লক্ষ টাকা; অগ্রগতি ০.৫৫%।<br>৫। ভৌত অগ্রগতি ২%, আর্থিক অগ্রগতি **২.৫৮%**। | ১। মুজিববর্ষকে সামনে রেখে প্রকল্পের সার্বিক অগ্রগতি বৃদ্ধি করতে হবে।<br>২। প্রকল্পের ডিজাইন এর কপি সকল পরিচালককে প্রদান করতে হবে। |
| ৯। গ্রামীণ মাটির রাস্তাসমূহ টেকসই করণের লক্ষ্যে হেরিং বোন বন্ড (এইচবিবি) করণ (২য় পর্যায়) প্রকল্প<br>মেয়াদ<br>জানুয়ারী, ২০১৯ হতে জুন, ২০২২<br>বরাদ্দ: ৩৩৪৭২৩.৭২ লক্ষ টাকা<br>জনাব দীপক রঞ্জন অধিকারী<br>প্রকল্প পরিচালক (যুগ্ম-সচিব)<br>মোবাঃ ০১৭১৮-৬৮৬১৬৬<br>dipakad5775@gmail.com | প্রকল্প পরিচালকের পক্ষে উপ-প্রকল্প পরিচালক সভাকে অবহিত করেন যে,<br>১। ২০১৯-২০২০ অর্থ বছরে ২৬৫২ কি. মি. রাস্তার দরপত্র আহবান করা হয়েছে।<br>কার্যাদেশ মূল্য ১৩৮৭.৫৪৪৭ কোটি টাকা।<br>২। এডিপি বরাদ্দ পাওয়া গিয়েছে ৪০০.০ কোটি টাকা।<br>৩। আরএডিপিতে অতিরিক্ত ১৩৮৭.৮৭ কোটি টাকার চাহিদা প্রেরণ করা হয়েছে।<br>৪। ইতোমধ্যে ১৭৮০.০০ কিলোমিটার রাস্তার কাজ সম্পন্ন হয়েছে।<br>৫। টুঙ্গিপাড়া ও কোটালিপাড়া উপজেলায় অতিরিক্ত ৩৯.৭৩৫ কিলোমিটার রাস্তার দরপত্র আহবান করা হয়েছে। প্রাক্কলিত মূল্য ২১.৮৩ কোটি টাকা। কার্যাদেশের প্রক্রিয়া চলমান আছে।<br>৬। প্রকল্পের কাজের গুণগতমান নিশ্চিত করণের লক্ষ্যে প্রকল্পের সহকারী প্রকৌশলীগণের পাশাপাশি সহকারী প্রকল্প পরিচালক, উপ- | ১। মুজিববর্ষকে সামনে রেখে প্রকল্পের সার্বিক অগ্রগতি বৃদ্ধি করতে হবে।<br>২। কাজের মান নিশ্চিত করার জন্য প্রকল্পের প্রকৌশলীদের সার্বক্ষণিক মনিটরিং নিশ্চিত করতে হবে। জেলা প্রশাসক, উপজেলা নির্বাহী কর্মকর্তা ও উপজেলা প্রকল্প বাস্তাবয়ন কর্মকর্তাকে মনিটরিংএ সম্পৃক্ত করতে হবে।<br>৩। ভবিষ্যতে ঘূর্ণিঝড় আশ্রয়কেন্দ্র, বন্যা আশ্রয়কেন্দ্র এবং মুজিবকিল্লার কানেক্টিং রোডগুলো এইচবিবি করণের পরিকল্পনা নিতে হবে। |

| প্রকল্পের নাম ও বিবরণ | আলোচনা | সিদ্ধান্ত |
|---|---|---|
| | প্রকল্প পরিচালক এবং উপপ্রকল্প পরিচালক মাঠ পর্যায়ে কাজ পরিদর্শন করছেন।<br>৭। চলতি ২০১৯-২০২০ অর্থ বছরে বরাদ্দ ৪০০০০.০০ লক্ষ টাকা; ফেব্রুয়ারি ২০২০ পর্যন্ত ব্যয় ২৯০১২.৯৪ লক্ষ টাকা; অগ্রগতি ৭২.৫৩%; তিনি বলেন আর এ ডি পিতে ৭৩০টাকা বরাদ্দ পাওয়া গিয়েছে; প্রকৃতপক্ষে ১৩৮৭ কোটি টাকা প্রয়োজন; তিনি এ বিষয়ে সভাপতির সহযোগিতা কামনা করেন।<br>৮। ক্রমপুঞ্জিত ভৌত অগ্রগতি ১৭%, আর্থিক অগ্রগতি ৫.৯৭%। | |
| ১০। গ্রামীণ রাস্তায় ১৫ মিঃ দৈর্ঘ্য পর্যন্ত সেতু/কালভার্ট নির্মাণ" প্রকল্প।<br>মেয়াদ:জানুয়ারী, ২০১৯ হতে জুন, ২০২২ পর্যন্ত।<br>মোট বরাদ্দ: ৬৫৭৮২০.০০ লক্ষ টাকা<br>জনাব মোঃ আইনুল কবির<br>(অতিরিক্ত সচিব), প্রকল্প পরিচালক<br>মোবাঃ ০১৫৫২-৩২৫৩৫৫ | প্রকল্প পরিচালক সভাকে অবহিত করেন যে,<br>**০১. ২০১৯-২০ অর্থ বছরে**<br>**দরপত্র আহ্বানকৃত:**<br>**(ক) মোট সেতু/কালভার্টের সংখ্যা = ৬৪৯১টি**<br>**(খ) মোট দৈর্ঘ্য = ৫১৫৬৯.০০ মিটার**<br>**(গ) মোট ব্যয় = ১৫০৫.১৮ কোটি টাকা**<br>**(ঘ) ০২(দুই)টি উপজেলায় টেন্ডার হয়নি**<br>**(১) পরশুরাম, ফেণী – হাইড্রোলিক ডাটা পাওয়া যায়নি।**<br>**(২) ফুলছড়ি, গাইবান্ধা-- উপযুক্ত স্থান না পাওয়া।**<br>**(৩) রুপগঞ্জ, নারায়নগঞ্জ =১১টি সেতু/কালভার্টের দরপত্র দাখিল হয়নি।**<br>**(৫) মিরপুর, কুষ্টিয়া -২৬টি সেতু/কালভার্টের দরপত্র বাতিল হয়েছে।**<br>**(৪) সন্দ্বীপ, চট্টগ্রাম -২৬টি সেতু/কালভার্টের দরপত্র উপজেলা কমিটি কর্তৃক বাতিল করা হয়েছে।**<br>**(ঙ) ৬৪১৫টি সেতু/কালভার্টের কার্যাদেশ প্রদান করা হয়েছে।**<br>**(চ) ৬৩৬৫টি সেতু/কালভার্টের কাজ চলমান রয়েছে।**<br>**(গ) অগ্রগতিঃ-**<br>**(ক) আর্থিক =৬৮.৩৯%**<br>**(খ) বাস্তব কাজের অগ্রগতি = ৭১%(২১০০টি ব্রীজের অগ্রগতি ৭০%, কিন্তু ৬৪৯১টি ব্রীজের ক্ষেত্রে অগ্রগতি ২২.৬৪%।**<br>**০২. তিনি কিছু সমস্যার বিষয়ে সভাপতির দৃষ্টি আকর্ষণ করেন: ক) চলতি অর্থ বছরে জুনের মধ্যে অতিরিক্ত ১০০০ কোটি টাকা বরাদ্দ না পেলে এ পর্যন্ত সমাপ্ত কাজের জন্য ঠিকাদারদের পাওনা বিল পরিশোধ করা যাবেনা।**<br>**খ)** outsourcing এর মাধ্যমে নিয়োগকৃত ৪৬০ জন কর্মচারীর বেতন হিসাবরক্ষণ অফিসে আটকে রয়েছে।<br>০৩। চলতি ২০১৯-২০২০ অর্থ বছরে বরাদ্দ ৩৭৫০০.০০ লক্ষ টাকা; ফেব্রুয়ারি ২০২০ পর্যন্ত ব্যয় ৩৪১৯৯.৬৮<br>০৪। ক্রমপুঞ্জিত ভৌত অগ্রগতি ৭.৪৯%, আর্থিক অগ্রগতি ৫.১৯%। | ১। ব্রীজ-কালভার্টগুলো এমনভাবে নির্মাণ করতে হবে যাতে খালের পানির স্বাভাবিক প্রবাহ বাধাগ্রস্থ না হয়।<br>২। অধিদপ্তরের পরিদর্শনকারী কর্মকর্তাগণ মাঠপর্যায়ে পরিদর্শনের সময় নির্ধারিত ডিজাইন অনুযায়ী ব্রীজ নির্মিত হয়েছে কিনা পরীক্ষা করে দেখবেন।<br>৩। অধিদপ্তরের পরিচালক, উপপরিচালকসহ সকল পরিদর্শনকারী কর্মকর্তা-কর্মচারীকে প্রকল্পের ডিজাইন সরবরাহ করতে হবে। |

০৩। সভাপতি মাঠ পর্যায়ে প্রকল্প বাস্তবায়নকারী সকল প্রকল্প পরিচালককে আগামী সাত কর্মদিবসের মধ্যে অধিদপ্তরের পরিচালক, উপপরিচালকসহ অন্যান্য পরিদর্শনকারী কর্মকর্তাদের জন্য একটি প্রকল্প অবহিকরণ সভা আয়োজনের নির্দেশনা প্রদান করেন। আর কোন আলোচ্য বিষয় না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

( মোঃ মোহসীন)
মহাপরিচালক

স্মারক নং-৫১.০১.০০০০.০৩১.০৬.০০২.১৯-৫৮  তারিখঃ ১৫.৬.২০২০

**বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)**

১। সিনিয়র সচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

২। পরিচালক (পরিকল্পনা ও উন্নয়ন/ প্রশাসন), দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, ঢাকা।

৩। প্রকল্প পরিচালক, বন্যাপ্রবণ ও নদী ভাঙ্গন এলাকায় বন্যা আশ্রয়কেন্দ্র নির্মাণ (৩য় পর্যায়), দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, ঢাকা।

৪। প্রকল্প পরিচালক, Strengthening of the Ministry of Disaster Management & Relief (SoMoDMR) Program Administration,ভেঞ্চার টাওয়ার, মহাখালী, ঢাকা।

৫। প্রকল্প পরিচালক, জেলা ত্রাণ গুদাম কাম দুর্যোগ ব্যবস্থাপনা তথ্য কেন্দ্র নির্মাণ প্রকল্প, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, ঢাকা।

৬। প্রকল্প পরিচালক, মুজিব কিল্লা নির্মাণ প্রকল্প, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, ঢাকা।

৭। প্রকল্প পরিচালক,Disaster Risk Management Enhancement Project (Funded by JICA), দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, ঢাকা।

৮। প্রকল্প পরিচালক, আরবান রেজিলিয়েন্স প্রকল্পঃ ডিডিএম পার্ট,ডিওএইচএস, মহাখালী, ঢাকা।

৯। প্রকল্প পরিচালক, Construction of multipurpose Cyclone Shelters in the coastal belt of Bangladesh (2nd Phase), দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, ঢাকা।

১০। প্রকল্প পরিচালক, গ্রামীণ রাস্তায় ১৫ মিঃ দৈর্ঘ্য পর্যন্ত সেতু/কালভার্ট নির্মাণ" প্রকল্প, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, ঢাকা।

১১। প্রকল্প পরিচালক, গ্রামীণ মাটির রাস্তাসমূহ টেকসই করণের লক্ষ্যে হেরিং বোনবন্ড (এইচবিবি) করণ (২য় পর্যায়) প্রকল্প, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, ঢাকা।

১২। প্রকল্প পরিচালক, National Resilience Programme (Department of Disaster Management Part), ডিওএইচএস, মহাখালী, ঢাকা।

১৩। প্রোগামার, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, ঢাকা।

১৪। জনাব ..............................................................................................

১৭। মহাপরিচালক এর ব্যক্তিগত সহকারী, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, ঢাকা (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।

১৫/৬/2020

(এ,টি,এম কামরুল ইসলাম তাং)
(যুগ্মসচিব)
পরিচালক (পরিকল্পনা)
ফোনঃ ৯৮২৩৬৩
kamrulislamtang@gmail.com